উপজেলা পরিষদ
গোয়াইনঘাট, সিলেট

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট এর বার্ষিক বাজেট বিষয়ে বিশেষ সভার কার্য বিবরণী ঃ

সভাপতি ঃ মোহাম্মদ ফারুক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট।
তারিখ ঃ ০৫ মে ২০২০ খ্রিষ্টাব্দ।
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা
সভার স্থান ঃ উপজেলা হলরুম
সভায় উপস্থিত ও অনুপস্থিতির তালিকা ঃ পরিশিষ্ট – ক

উপস্থিত জনপ্রতিনিধি, সরকারি কর্মকর্তা, নাগরিক সমাজের নেতৃবৃন্দ, ব্যবসায়ী নেতৃবৃন্দ, সাংবাদিক, উপজাতীয় নেতৃবৃন্দ, ধর্মীয় নেতৃবৃন্দ, শিক্ষাবিদ সহ সর্বস্তরের জনগণকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয় বিগত ২০২১-২০২২ অর্থ বছরের সংশোধিত বাজেট বিবরণী সভায় পেশ করেন। কোনোরুপ সংশোধনী না থাকায় ২০২১-২০২২ অর্থ বছরের সংশোধিত বাজেট সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

অত:পর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, গোয়াইনঘাট সভাকে জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরের খসড়া বাজেট উপজেলা পরিষদ কর্তৃক প্রস্তুত করার পর উক্ত খসড়া বাজেট বহুল প্রচারের জন্য ইউনিয়ন পরিষদসমূহের কার্যালয়ে, অত্র গোয়াইনঘাট উপজেলার বিভিন্ন সরকারি-বেসরকারি অফিস সমূহে, এনজিও প্রতিষ্ঠানসমূহে ও হাটে বাজারে জনসমাগম স্থানে প্রচারের ব্যবস্থা গ্রহণ করা হয়। এতে উপজেলা পরিষদের খসড়া বাজেট কপির উপর জনমত সৃষ্টি হয়। তিনি সভাকে আরোও জানান যে, আলোচ্য সূচী মোতাবেক ২০২২-২০২৩ অর্থ বছরের জন্য গোয়াইনঘাট উপজেলা পরিষদ কর্তৃক প্রস্তুতকৃত খসড়া বাজেট উপস্থাপন করেন। বিভিন্ন ইউনিয়ন পরিষদের জনপ্রতিনিধি প্রদত্ত প্রস্তাবসমূহ ও সর্বসাধারণের নিকট হতে কিছু প্রস্তাব সভায় পাওয়া যায়। বাজেট বিষয়ে সভায় বিশদ আলোচনা শেষে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১ | ২০২২-২০২৩ অর্থ বছরের উপজেলা পরিষদ কর্তৃক প্রস্তুতকৃত খসড়া বাজেট উপস্থাপন ঃ | উপজেলা নির্বাহী অফিসার ২০২২-২০২৩ অর্থ বছরে উপজেলা পরিষদ কর্তৃক প্রস্তুতকৃত খসড়া বাজেট উপস্থাপন করেন যা নিম্নরুপ ঃ<br>অংশ- ১ রাজস্ব হিসাব (ক) রাজস্ব- ১,৩৯,০০,০০০/-<br>সরকারি অনুদান-৯৭,০০,০০০/-<br>মোট- ২,৩৬,০০,০০০/-<br>মোট রাজস্ব ব্যয়-১,৩৫,৪৮,২০৬/-<br>সরকারি অনুদান ব্যয়-৯৭,০০,০০০/-<br>রাজস্ব উদ্বৃত্ত/ঘাটতি- ৩,৫১,৭৯৪/-<br>অংশ- ২ উন্নয়ন হিসাব (ক) ৯৭,০০,০০০/-<br>(খ) উন্নয়ন অনুদান (ইউজিডিপি)- ৫০,০০,০০০/-<br>রাজস্ব উদ্বৃত্তসহ অন্যান্য অনুদান- ১৭,০০,০০০/-<br>মোট প্রাপ্ত সম্পদ (ক+খ) - ১,৮১,০০,০০০/- | আলোচনা শেষে ২০২২-২০২৩ অর্থ বছরের জন্য উপস্থাপিত ২,৩৬,০০,০০০.০০ টাকার খসড়া বাজেট সর্বসম্মতিক্রমে চূড়ান্ত ভাবে গ্রহণ করা হয়। |

২০২২-২০২৩ অর্থ বছরের বাজেটের সারাংশ

| আয় | | | ব্যয় | | |
|---|---|---|---|---|---|
| ক্র. নং | আয়ের খাত | টাকা | ক্র. নং | ব্যয়ের খাত | টাকার পরিমাণ |
| ১ | উপজেলা পরিষদের নিজস্ব আয় | ১,৩৯,০০,০০০.০০ | ১ | উপজেলা পরিষদের নিজস্ব ব্যয় | ১,৩৫,৪৮,২০৬.০০ |
| ২ | উপজেলা প্রকৌশলীর কার্যালয়ে বরাদ্দ | ৯৭,০০,০০০.০০ | ২ | উপজেলা প্রকৌশলীর কার্যালয়ে বরাদ্দ থেকে ব্যয় | ৯৭,০০,০০০.০০ |
| ৩ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসারের কার্যালয়ে বরাদ্দ | ২,৬৫,১৭,২৩২.০০ | ৩ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসারের কার্যালয়ে বরাদ্দ থেকে ব্যয় | ২,৬৫,১৭,২৩২.০০ |
| | মোট আয় | ৫,০১,১৭,২৩২.০০ | | মোট ব্যয় | ৪,৯৭,৬৫,৪৩৮.০০ |
| | | | | উদ্বৃত্ত | ৩,৫১,৭৯৪.০০ |

| ক্র | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ২ | বিভিন্ন ইউনিয়ন পরিষদ হতে প্রাপ্ত প্রস্তাবনা ও অনুমোদন | পূর্ব জাফলং ইউপি চেয়ারম্যান, জনাব মো. লুৎফুর রহমান লেবু সভাকে জানান, ২০২১-২০২২ অর্থ বছরের জন্য উপস্থাপিত বাজেটে ভৌত অবকাঠামো (যোগাযোগ), শিক্ষা, মানব সম্পদ উন্নয়ন, মৌলিক অধিকার (স্বাস্থ্য) এবং দেশের প্রাণ কৃষি খাতে সর্বোচ্চ বরাদ্দ রাখার প্রস্তাব করা হয়েছে। এ প্রস্তাবগুলো অত্যন্ত যৌক্তিক বলে আমি মনে করি।<br>রুস্তমপুর ইউপি চেয়ারম্যান, জনাব মোহাম্মদ শাহাব উদ্দিন সভাকে জানান, কৃষি, যুবদের উন্নয়ন, সেবা ও শিক্ষার মানোন্নয়ন খাতে সর্বোচ্চ বরাদ্দ প্রদানের অনুরোধ করেন।<br>তোয়াকুল ইউপি চেয়ারম্যান, জনাব খালেদ আহমদ সভাকে জানান, ঘূর্ণিঝড়, আকষ্কিক বন্যায় ক্ষতিগ্রস্থ ও হঠাৎ আগুনের সূত্র পাতে পুড়ে যাওয়া ক্ষতিগ্রস্থদের সহায়তার জন্য অপ্রত্যাশিত খাতে বরাদ্দ রাখার অনুরোধ জানান।<br>পশ্চিম জাফলং ইউপি চেয়ারম্যান, জনাব আব্দুস ছালাম সভাকে জানান, উপজেলা পরিষদ কর্তৃক উপস্থাপিত ২০২১-২০২২ অর্থ বছরের বাজেট সার্বিক দিক দিয়ে সম্পদ ও চাহিদার সাথে সামঞ্জস্য রেখে প্রস্তুতকৃত উন্নয়নমূখী বাজেট।<br>নন্দিরগাঁও ইউপি চেয়ারম্যান, জনাব এস. কামরুল হাসান আমিরুল ২০২১-২০২২ অর্থ বছরের জন্য উপজেলা পরিষদ কর্তৃক প্রস্তুতকৃত বাজেট পাশ করার বিষয়ে সভায় অনুরোধ জানান। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ২০২১-২০২২ অর্থ বছরের জন্য উপস্থাপিত খসড়া বাজেট গণমূখী বাজেট হওয়ায় সর্বসম্মতিক্রমে চূড়ান্ত বাজেট হিসেবে গৃহীত হয়। |
| ৩ | সর্বসাধারণের নিকট হতে প্রাপ্ত প্রস্তাবসমূহ উপস্থাপন | জনাব মো. ফজলুল হক, অধ্যক্ষ, গোয়াইনঘাট সরকারি কলেজ সভাকে জানান, শিক্ষা প্রতিষ্ঠানের অবকাঠামোগত উন্নয়ন ও শিক্ষার মান উন্নয়ন খাতে বরাদ্দ প্রদানের প্রস্তাব করেন।<br>জনাব সুভাষ চন্দ্র পাল ছানা, যুগ্ম-সাধারণ সম্পাদক, উপজেলা আওয়ামীলীগ, গোয়াইনঘাট শাখা, তিনি গ্রামীণ অবকাঠামো উন্নয়ন খাতে বরাদ্দ প্রদানের প্রস্তাব করেন।<br>সভাপতি, জাফলং পাথর কোয়ারী ব্যবসায়ী সমিতি লিঃ সভাকে জানান, স্বাস্থ্য ও চিকিৎসা সেবা জনগণের দোরগোড়ায় পৌছানো এবং খনিজ সম্পদের সুষ্ঠু ব্যবহারের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | প্রাপ্ত প্রস্তাবসমূহ অন্তর্ভূক্ত করে খসড়া বাজেটটি চূড়ান্ত বাজেটরূপে গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে ও নিয়মিত সভায় উপস্থিত থাকার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোহাম্মদ ফারুক আহমদ)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
বার্ষিক বাজেট সভা
গোয়াইনঘাট, সিলেট।

স্মারক নং- ০৫.৪৬.৯১৪১.০০৯.০১.০১৬.১৩. ১১৭৬ তারিখ ঃ ১৬/০৫/২০২২ খ্রি.

সদয় অবগতি/ কার্যার্থে ঃ
০০-০১। মাননীয় সংসদ সদস্য, ২৩২ - সিলেট- ৪ ও মন্ত্রী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০০-০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০০-০৩। প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব), উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), কাকরাইল, ঢাকা।
০০-০৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০০-০৫। জেলা প্রশাসক, সিলেট।
০০-০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সিলেট।
০৭-০৮। ভাইস চেয়ারম্যান /ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট।

০৯-২৭। চেয়ারম্যান ............................................ইউ/পি (সকল), গোয়াইনঘাট, সিলেট।
০০-২৮। উপজেলা............................................কর্মকর্তা (সকল), গোয়াইনঘাট, সিলেট।
২৯-৩৮। অফিসার ইনচার্জ, গোয়াইনঘাট থানা, সিলেট।
৩৯-৪১। জনাব ...................................................... গোয়াইনঘাট, সিলেট।


২৬/০৫/২০২২
(তাহমিলুর রহমান)
পরিচিতি নং ১৭৩৮২
উপজেলা নির্বাহী অফিসার
গোয়াইনঘাট, সিলেট।
ফোনঃ 02-99266400
unogowainghatsyl@gmail.com